



বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
মেলান্দহ, জামালপুর

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

তারিখ: ১৯/০৯/২০১৯

- ১। (ক) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে বিজ্ঞান অনুষদের অধীনে গণিত বিভাগ, প্রকৌশল অনুষদের অধীনে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, বিজনেস স্টাডিজ অনুষদের অধীনে ম্যানেজমেন্ট বিভাগ এবং সামাজিক বিজ্ঞান অনুষদের অধীনে সমাজকর্ম বিভাগের প্রতিটিতে ৩০টি আসনে ছাত্রছাত্রী ভর্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://bsfmstu.ac.bd/admission>-এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে ২৪/০৯/২০১৯ (দুপুর ১২:০০টা) হতে ২২/১০/২০১৯ তারিখ (রাত ১২:০০টা) - এর মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে।
- (গ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২৯-১১-২০১৯ তারিখে পৃথক পৃথকভাবে বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আবেদনের নিয়মাবলী এবং ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য প্রদত্ত ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ভর্তি পরীক্ষা “সরকারী মোহাম্মদপুর মডেল স্কুল ও কলেজ”, মোহাম্মদপুর, ঢাকা এবং “শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়”, শেরে বাংলা নগর, ঢাকা - এ ২৯-১১-২০১৯ তারিখে অনুষ্ঠিত হবে।

২। ভর্তির আবেদনের যোগ্যতা:

- (ক) ২০১৪ হতে ২০১৭ সালের এসএসসি/সমমান এবং ২০১৮ ও ২০১৯ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভকেশনাল) ও এইচএসসি (ভকেশনাল), O লেভেল ও A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই [এসএসসি বা এইচএসসি সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে] কেবল ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না। সকল আবেদনকারীর প্রাপ্ত জিপিএ/সিজিপিএ ৫.০০ স্কেলে নির্ধারিত হবে।

(খ)

মানবিক শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৬.০০ পেতে হবে।
বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৬.৫০ পেতে হবে।
বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ পেতে হবে।
জিসিই O লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় অন্ততঃ ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলে মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে B গ্রেড এবং ৩টি বিষয়ে কমপক্ষে C গ্রেড পেতে হবে। O লেভেল A লেভেল এবং ইংলিশ ভার্সন (ন্যাশনাল কারিকুলাম) পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রথম প্রযোজ্য স্কেলে ইংরেজিতে অনুবাদ করা হবে। ইংরেজি প্রথমপত্র পরীক্ষা দিতে ইচ্ছুক প্রার্থীকে তার Application ID ও মোবাইল নম্বর উল্লেখসহ ৩০-১০-২০১৯ তারিখের মধ্যে ইমেইল (admission@bsfmstu.ac.bd)-এর মাধ্যমে জানাতে হবে।

বি.দ্র. আবেদনকারী যে ইউনিটে আবেদন করুক না কেন সে যে শাখা থেকে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সেই শাখার জন্য নির্ধারিত যোগ্যতা তার স্কেলে প্রযোজ্য হবে।

১০০ নম্বরের ১ ঘণ্টার MCQ পরীক্ষায় পাস নম্বর হবে ৪০। ভর্তি পরীক্ষায় বিভিন্ন ইউনিটের আবেদন ফি, অনলাইনে আবেদন পদ্ধতি, ভর্তি পরীক্ষার সময়সূচি এবং ইউনিট/বিভাগ কর্তৃক আরোপিত শর্তসমূহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://bsfmstu.ac.bd/admission> -এ যথাসময়ে প্রকাশিত হবে।

৩। মোট তিনটি ইউনিটের অধীনে পাঁচটি বিভাগে ভর্তি করা হবে। প্রতিটি বিভাগে আসন সংখ্যা ৩০। বিভিন্ন ইউনিটের সংশ্লিষ্ট বিভাগ, ভর্তি পরীক্ষার বিষয় ও মানবন্টন এবং আবেদন ফি-সমূহ নিম্নে প্রদত্ত। উল্লেখ্য যে, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফলের উপর কোন নম্বর থাকবে না। **MCQ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫% নম্বর কাটা যাবে।**

ইউনিট ও বিভাগ	পরীক্ষার বিষয়সমূহ, মানবন্টন ও প্রয়োজনীয় শর্তাবলী	অনলাইনে আবেদন ফি (১০% সার্ভিস চার্জসহ)	
ইউনিট- A বিজ্ঞান অনুষদ: গণিত প্রকৌশল অনুষদ: কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং	ক) পদার্থ = ৩৫ নম্বর খ) রসায়ন = ৩০ নম্বর গ) গণিত = ৩৫ নম্বর সর্বমোট = ১০০ নম্বর	৮০০+৮০ = ৮৮০ টাকা	
ইউনিট- B বিজনেস স্টাডিজ অনুষদ: ম্যানেজমেন্ট	বাণিজ্য গ্রুপ (আসন সংখ্যাঃ ২৩) ক) ইংরেজি = ৩০ নম্বর খ) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা = ৩৫ নম্বর গ) হিসাব বিজ্ঞান = ৩৫ নম্বর সর্বমোট = ১০০ নম্বর	অবাণিজ্য গ্রুপ (আসন সংখ্যাঃ ০৭) ক) বাংলা = ৩৫ নম্বর খ) ইংরেজি = ৩৫ নম্বর গ) সাধারণ জ্ঞান = ৩০ নম্বর সর্বমোট = ১০০ নম্বর	৫০০+৫০ = ৫৫০ টাকা
ইউনিট- C সামাজিক বিজ্ঞান অনুষদ: সমাজকর্ম	ক) বাংলা = ৩৫ নম্বর খ) ইংরেজি = ৩৫ নম্বর গ) সাধারণ জ্ঞান = ৩০ নম্বর সর্বমোট = ১০০ নম্বর	৫০০+৫০ = ৫৫০ টাকা	

৪। বিশেষ কোটা সমূহঃ নিম্নে উল্লেখিত বিশেষ কোটায় ভর্তির জন্য MCQ পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর অবশ্যই পেতে হবে।

- (ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার জন্য মোট ৫ টি (প্রতিটি বিভাগে একজন করে) আসন
(খ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি কোটার জন্য ৫% আসন
(গ) শারীরিক প্রতিবন্ধী কোটার জন্য মোট ৫ টি (প্রতিটি বিভাগে একজন করে) আসন নির্ধারিত।

বিশেষ দ্রষ্টব্যঃ প্রয়োজনে কর্তৃপক্ষ শর্তাবলী সংশোধন করতে পারবে।

স্বাঃ/-

খন্দকার হামিদুর রহমান

রেজিস্ট্রার

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়